



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/সংস্থাপন/ ২৭৪

তারিখঃ ০৭/০৫/২০১৭খ্রিঃ

বিষয়ঃ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৬তম এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকী উদযাপন প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭; তারিখঃ ২৬ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ০৯ এপ্রিল, ২০১৭ তারিখ মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৬তম এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকী উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয়ের সভায় নিম্নরূপ কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কর্মসূচি যথাযথভাবে পালনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও শিক্ষা বিভাগ হতে সূত্রে উল্লিখিত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে রবীন্দ্র জন্মবার্ষিকী উদযাপন:


ঢাকাসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে বিশ্বকবির জন্মবার্ষিকী আবশ্যিকভাবে উদযাপন করবে।

দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নজরুল জন্মবার্ষিকী উদযাপন:

ঢাকাসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে জাতীয় কবির জন্মবার্ষিকী আবশ্যিকভাবে উদযাপন করবে।

বর্ণিত অবস্থায় গৃহীত কর্মসূচির আলোকে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত দেশের সকল দাখিল ও আলিম মাদরাসার সুপার/অধ্যক্ষ ও পরিচালনা কমিটির সদস্যগণকে স্ব-স্ব উদ্যোগে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৬তম এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৮তম জন্মবার্ষিকী উদযাপনের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
7.05.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সুপার/অধ্যক্ষ

২) সভাপতি/সদস্যবৃন্দ- পরিচালনা কমিটি

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত দেশের সকল দাখিল ও আলিম মাদরাসা

নং-বামাশিবো/সংস্থাপন/ ২৭৪(৯)

তারিখঃ ০৭/০৫/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, সকল
২. উপজেলা নির্বাহী অফিসার, সকল
৩. জেলা শিক্ষা অফিসার, সকল
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬. জনাব মোহাম্মদ শহীদুল্লাহ, সহকারী সচিব (মাদরাসা), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭. প্রোগ্রামার- আইসিটি সেল, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
(তাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৮. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৯. অফিস কপি

  
মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪